গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ
প্রকল্প পরিচালকের কার্যালয়
"০৪টি বিভাগীয় শহরে টেস্টিং ল্যাবরেটরী স্থাপন" শীর্ষক প্রকল্প
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
website: www.dnc.gov.bd

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের "০৪টি বিভাগীয় শহরে (বরিশাল, রাজশাহী, সিলেট ও চট্টগ্রাম) টেস্টিং ল্যাবরেটরী স্থাপন" শীর্ষক প্রকল্পের কম্পিউটার ও অন্যান্য আনুষঙ্গিক এর স্পেসিফিকেশন পর্যলোচনার নিমিত্ত গঠিত কমিটির সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ আবদুল হাই পিএএ<br>প্রকল্প পরিচালক<br>ও পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা)।<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |
| সভার তারিখ ও সময় | : | ১৫/০২/২০২২ খ্রি: বিকাল ৩:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | প্রকল্প পরিচালকের দপ্তর। |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট 'ক'। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রকল্প পরিচালকের অনুমতিক্রমে বর্ণিত প্রকল্পের সহকারী প্রকল্প পরিচালক জনাব রামেশ্বর দাস বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের "০৪টি বিভাগীয় শহরে (বরিশাল, রাজশাহী, সিলেট ও চট্টগ্রাম) টেস্টিং ল্যাবরেটরী স্থাপন" শীর্ষক প্রকল্পের আরডিপিপি'তে ১৪ সেট কম্পিউটার ও আনুষঙ্গিকের উল্লেখ রয়েছে। প্রকল্পের প্রাথমিক কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিগত ২০২০-২০২১ অর্থবছরে ০৩টি কম্পিউটার ক্রয় করা হয়েছিল। বর্তমান ২০২১-২০২২ অর্থবছরে আরএডিপি'তে অবশিষ্ট ১১ সেট কম্পিউটারের জন্য ৯,৫০,০০০/- (নয় লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত অর্থের মধ্যে ১১ সেট কম্পিউটার ক্রয়ের লক্ষ্যে স্পেসিফিকেশন প্রস্তুতের জন্য সিস্টেম এনালিস্ট' বরাবর পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে সিস্টেম এনালিস্ট (ভারপ্রাপ্ত) জনাব মোঃ মোস্তাক মামুন খান টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রস্তুতপূর্বক প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করেন। অতঃপর প্রকল্প পরিচালক প্রস্তুতকৃত টেকনিক্যাল স্পেসিফিকেশন এর বাজারদর যাচাই করার জন্য একটি ০৩ (তিন) সদস্য বিশিষ্ট বাজারদর যাচাই কমিটি গঠন করেন। উক্ত কমিটি প্রস্তুতকৃত স্পেসিফিকেশন অনুযায়ী প্রাক্কলিত একক মূল্য প্রস্তুতপূর্বক নিম্নোক্তভাবে প্রকল্প পরিচালক বরাবর দাখিল করেছেন :

| ক্রম | মালামালের বিবরণ | একক | ভ্যাট ও উৎসে করসহ একক দর (টাকা) |
|---|---|---|---|
| ১. | ডেস্কটপ কম্পিউটার | সেট | ৫৮,০০০/- |
| ২. | লেজার প্রিন্টার | টি | ১৫,২০০/- |
| ৩. | অফ-লাইন ইউপিএস | টি | ৭,০০০/- |
| ৪. | স্ক্যানার | টি | ২১,০০০/- |

২। দাখিলকৃত বাজারদর পর্যালোচনাকালে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিস্টেম এনালিস্ট বলেন, বরাদ্দকৃত ৯.৫০ লক্ষ টাকার মধ্যে ১১ সেট কম্পিউটার, লেজার প্রিন্টার, অফ-লাইন ইউপিএস ও স্ক্যানার ক্রয় করা সম্ভব নয়। সেক্ষেত্রে ১১ সেট কম্পিউটার ও ১১টি অফ-লাইন ইউপিএস ক্রয় করার পর যদি উদ্বৃত অর্থ থাকে, অবশিষ্ট অর্থ দিয়ে লেজার প্রিন্টার ও স্ক্যানার ক্রয় করা যেতে পারে মর্মে মতামত দেন।

অত্র অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার জনাব দীজেন চন্দ্র গোপ বলেন, ডেস্কটপ কম্পিউটার পরিচালনার জন্য ইউপিএস থাকা আবশ্যক। সে প্রেক্ষিতে ১১ সেট কম্পিউটার ও ১১টি অফ-লাইন ইউপিএস ক্রয় করার পর অবশিষ্ট অর্থ দিয়ে ৭টি লেজার প্রিন্টার ও ৬টি স্ক্যানার ক্রয় করা যাবে মর্মে মতামত দেন।

অত্র অধিদপ্তরের সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) জনাব তারিক মোহাম্মদ মঈনুল ইসলাম বলেন, কম্পিউটার ও অন্যান্য আনুষঙ্গিক সামগ্রী মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে e-GP সিস্টেমের মাধ্যমে ক্রয় করা যেতে পারে মর্মে মতামত দেন।

৩। দাখিলকৃত বাজারদর মোতাবেক বর্তমান বরাদ্দকৃত অর্থ দ্বারা নিম্নরূপ কম্পিউটার সামগ্রী পাওয়া যেতে পারে:

| ক্রম | মালামালের বিবরণ | একক | ভ্যাট ও উৎসে করসহ একক দর (টাকা) | সংখ্যা/ পরিমাণ | মোট |
|---|---|---|---|---|---|
| ১. | ডেস্কটপ কম্পিউটার | সেট | ৫৮,০০০ | ১১ | ৬,৩৮,০০০/- |
| ২. | লেজার প্রিন্টার | টি | ১৫,২০০ | ৭ | ১,০৬,৪০০/- |
| ৩. | অফ-লাইন ইউপিএস | টি | ৭,০০০ | ১১ | ৭৭,০০০/- |
| ৪. | স্ক্যানার | টি | ২১,০০০ | ৬ | ১,২৬,০০০/- |
| | | সর্বমোট | | | ৯,৪৭,৪০০/- |

**সিদ্ধান্তঃ**

১. বরাদ্দকৃত অর্থের মধ্যে ১১ সেট কম্পিউটার ও ১১টি অফ-লাইন ইউপিএস ক্রয় করা হবে।
২. অবশিষ্ট হতে ৭টি লেজার প্রিন্টার ও ৬টি স্ক্যানার ক্রয় করা।
৩. ক্রয় কার্য মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে e-GP সিস্টেম এর মাধ্যমে সম্পন্ন করা হবে।
৪. বর্ণিত সামগ্রী ক্রয় করার পর অবশিষ্ট অর্থ দিয়ে লেজার প্রিন্টার ও স্ক্যানার ক্রয় করা হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০২/২০২২

(মোহাম্মদ আবদুল হাই পিএএ)
পরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা)
ও
প্রকল্প পরিচালক
Email: dirpednccbd@gmail.com
ফোন : ০১৪০৪-০৭২০০৬

স্মারক নম্বর- ৫৮.০২.০০০০.০০৭.১৪.০০১.(খন্ড-৫).১৯-৭২৮

০২ ফাল্গুন ১৪২৮
তারিখ : .........................
১৫ জানুয়ারি ২০২২

**বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সিস্টেম এনালিষ্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২। জনাব মোঃ হামিমুর রশীদ, উপপরিচালক (ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়।
৩। জনাব দীজেন চন্দ্র গোপ, সহকারী প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়।
৪। জনাব মোঃ জাকির হোসেন, সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়।
৫। জনাব তারিক মোহাম্মদ মঈনুল ইসলাম, সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়।

**অনুলিপি : (সদয় জ্ঞাতার্থে)**

(১) পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
(২) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
(৩) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।)
(৪) অফিস কপি।

১৫/০২/২০২২

(রামেশ্বর দাস)
সহকারী প্রকল্প পরিচালক